যুগান্তর

তারিখ ... 24 AUG 2008
পৃষ্ঠা - ১৫ কলাম - ৪

# ইনডেক্সধারী তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের পদোন্নতি দাবি

যুগান্তর রিপোর্ট

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেক্সধারী তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকরা সহকারী প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষক পদে পদোন্নতি দাবি করেছেন। শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি উত্থাপন করেন। এছাড়াও প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০০৫ সালের ৮ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের দেয়া প্রজ্ঞাপনটি বাতিল করে ১৯৭৯ সালের নিয়োগবিধি অনুযায়ী শিক্ষক নিয়োগের দাবিও জানান তারা। দাবি আদায়ের লক্ষ্যে তারা আগামী সপ্তাহে প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টা ও শিক্ষা সচিবের কাছে স্মারকলিপি দেবেন বলে জানান।

এসব শিক্ষকের সংগঠন 'ইনডেক্সধারী একাধিক তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষক পরিষদের' আহ্বায়ক হারুন-অর-রশীদ বলেন, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা ব্যবস্থার প্রায় ৯০ ভাগ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এসব শিক্ষকের ওপর নির্ভরশীল। বর্তমানে ৪ হাজারেরও বেশি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগপ্রাপ্ত কর্মরত ইনডেক্সধারী শিক্ষকরা গত ২০-২৫ বছর ধরে এ পেশায় কর্মরত থাকলেও তারা এখনও সহকারী প্রধান শিক্ষক, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে পদোন্নতি পাচ্ছেন না। শুধু তৃতীয় বিভাগ থাকার কারণে তারা সহকারী প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষক পদে পদোন্নতি পাবেন না বলে ২০০৫ সালের ৮ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয় একটি প্রজ্ঞাপন জারি করে। যা নিয়োগবিধির পরিপন্থী।

তিনি বলেন, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের চাকরিবিধি ১৯৭৯-এ প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যে শিক্ষাগত যোগ্যতার কথা উল্লেখ আছে, তাতে একাধিক তৃতীয় বিভাগপ্রাপ্তদের নিয়োগের ব্যাপারে কোন বিধিনিষেধ নেই।